

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৭৭

আগরতলা, ১৩ মার্চ, ২০২৪

উচ্চতর মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পরিচালনায় আজ উচ্চতর মাধ্যমিক (নতুন সিলেবাস)-এর ম্যাথেমেটিক্স / ফিলোজফি এবং মাদ্রাসা ফাজিল আর্টস (নতুন সিলেবাস) এর ফিলোজফি পরীক্ষা নেওয়া হয়। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে জানানো হয়েছে রাজ্যের ৬০টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাস্থলের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজ নতুন সিলেবাসের উচ্চতর মাধ্যমিকের ম্যাথেমেটিক্স / ফিলোজফি ও মাদ্রাসা ফাজিল আর্টসের ফিলোজফি পরীক্ষায় ৪৮৪৮ জন পরীক্ষার্থী ছিলো। তারমধ্যে ছাত্র ২২০৫ জন ও ছাত্রী ২৬৪৩ জন। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ৪৭৯৮ জন পরীক্ষার্থী। তারমধ্যে ছাত্র ২১৮৩ ও ছাত্রী ২৬১৫ জন। অনুপস্থিত ছিলো ২২ জন ছাত্র ও ২৮ জন ছাত্রী। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৮.৯৭।

আজকের পরীক্ষায় পর্ষদের উপসচিব শুভাশিস চৌধুরী মেলাঘর পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত চন্দনমুড়া কৃষ্ণকুমার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, নলছড় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও মেলাঘর উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষাস্থলগুলি পরিদর্শন করেন। আগামী ১৫ মার্চ উচ্চতর মাধ্যমিক (নতুন সিলেবাস) এর ইকনমিকস এবং মাদ্রাসা ফাজিল আর্টস (নতুন সিলেবাস) এর ইকনমিকস পরীক্ষা গ্রহণ করা হবে।
